



আল মুযামমিল

AlMuzzammil

الْمُزَّمِّل

পরম করুণাময় ও অসিম
দয়ালু আল্লাহর নামে শুরু
করছি

In the name of Allah,
Most Gracious, Most
Merciful.

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

1. হে বস্ত্রাবৃত!

1. O you wrapped up
in garments.

يَا أَيُّهَا الْمُزَّمِّلُ

2. রাত্ৰিতে দন্ডায়মান হোন
কিছু অংশ বাদ দিয়ে;

2. Stand (in prayer) at
night except a little.

قُمْ اللَّيْلَ إِلَّا قَلِيلًا

3. অর্ধরাত্ৰি অথবা
তদপেক্ষা কিছু কম

3. Half of it, or lessen
from it a little.

نِصْفَهُ أَوْ انْقُصْ مِنْهُ قَلِيلًا

4. অথবা তদপেক্ষা বেশী
এবং কোরআন আবৃত্তি
করুন সুবিন্যস্ত ভাবে ও
স্পষ্টভাবে।

4. Or add to it, and
recite the Quran with
measured recitation.

أَوْ زِدْ عَلَيْهِ وَرَتِّلِ الْقُرْآنَ
تَرْتِيلًا

5. আমি আপনার প্রতি
অবতীর্ণ করেছি গুরুত্বপূর্ণ
বাণী।

5. Indeed, We shall
send down upon you a
heavy word.

إِنَّا سَنُلْقِي عَلَيْكَ قَوْلًا ثَقِيلًا

6. নিশ্চয় এবাদতের জন্যে
রাত্ৰিতে উঠা প্রবৃত্তি দলনে
সহায়ক এবং স্পষ্ট
উচ্চারণের অনুকূল।

6. Indeed, the rising
by night is more
effective for controlling
the self, and more
suitable for words.

إِنَّ نَاشِئَةَ اللَّيْلِ هِيَ أَشَدُّ وَطْأً
وَأَقْوَمُ قِيلًا

7. নিশ্চয় দিবাভাগে
রয়েছে আপনার দীর্ঘ
কর্মব্যস্ততা।

7. Indeed, for you in
the day is a prolonged
occupation.

إِنَّ لَكَ فِي النَّهَارِ سَبْعًا
طَوِيلًا

8. আপনি আপনার পালনকর্তার নাম স্মরণ করুন এবং একাগ্রচিত্তে তাতে মগ্ন হোন।

8. And remember the name of your Lord, and devote yourself to Him with complete devotion.

وَادْكُرِ اسْمَ رَبِّكَ وَتَبَتَّلْ إِلَيْهِ تَبْتِيلًا ﴿٨﴾

9. তিনি পূর্ব ও পশ্চিমের অধিকর্তা। তিনি ব্যতীত কোন উপাস্য নেই। অতএব, তাঁকেই গ্রহণ করুন কর্মবিধায়করূপে।

9. The Lord of the east and the west, there is no god except Him, so take Him as a Defender.

رَبُّ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ لَا إِلَهَ إِلَّا هُوَ فَاتَّخِذْهُ وَكِيلًا ﴿٩﴾

10. কাফেররা যা বলে, তজ্জন্যে আপনি সবর করুন এবং সুন্দরভাবে তাদেরকে পরিহার করে চলুন।

10. And be patient over what they say, and depart from them, a noble departure.

وَاصْبِرْ عَلَىٰ مَا يَقُولُونَ وَاهْجُرْهُمْ هَجْرًا جَمِيلًا ﴿١٠﴾

11. বিত্ত-বৈভবের অধিকারী মিথ্যারোপকারীদেরকে আমার হাতে ছেড়ে দিন এবং তাদেরকে কিছু অবকাশ দিন।

11. And leave Me and those who deny, the prosperous ones, and give them respite a little.

وَذَرْنِي وَالْمُكَذِّبِينَ أُولِي النَّعْمَةِ وَمَهِّلْهُمْ قَلِيلًا ﴿١١﴾

12. নিশ্চয় আমার কাছে আছে শিকল ও অগ্নিকুন্ড।

12. Indeed, with us are heavy shackles, and a blazing Fire.

إِنَّ لَدَيْنَا أَنْكَالًا وَجَحِيمًا ﴿١٢﴾

13. গলগ্রহ হয়ে যায় এমন খাদ্য এবং যন্ত্রণাদায়ক শাস্তি।

13. And food that chokes and a painful punishment.

وَطَعَامًا ذَا عُصَّةٍ وَعَذَابًا أَلِيمًا ﴿١٣﴾

14. যেদিন পৃথিবী পর্বতমালা প্রকম্পিত হবে এবং পর্বতসমূহ হয়ে যাবে বহমান বালুকাস্তপ।

14. On the Day, the earth and the mountains will be in violent shake, and the mountains will become a heap of pouring sand.

يَوْمَ تَرْجُفُ الْأَرْضُ وَالْجِبَالُ وَكَانَتِ الْجِبَالُ كَثِيبًا مَّهِيلًا ﴿١٤﴾

15. আমি তোমাদের কাছে একজন রসূলকে তোমাদের জন্যে সাক্ষী করে প্রেরণ করেছি, যেমন প্রেরণ করেছিলাম ফেরাউনের কাছে একজন রসূল।

15. Indeed, We have sent to you a messenger (Muhammad) as a witness over you, just as We sent to Pharaoh a messenger.

إِنَّا أَرْسَلْنَا إِلَيْكُمْ رَسُولًا
شَاهِدًا عَلَيْكُمْ كَمَا أَرْسَلْنَا إِلَى
فِرْعَوْنَ رَسُولًا

16. অতঃপর ফেরাউন সেই রসূলকে অমান্য করল, ফলে আমি তাকে কঠিন শাস্তি দিয়েছি।

16. But Pharaoh disobeyed the messenger. So We seized him with a firm seizure.

فَعَصَى فِرْعَوْنُ الرَّسُولَ فَأَخَذْنَاهُ
أَخْذًا أَوْبِيلاً

17. অতএব, তোমরা কিরূপে আত্মরক্ষা করবে যদি তোমরা সেদিনকে অস্বীকার কর, যেদিন বালককে করে দিব বৃদ্ধ?

17. Then how will you protect yourselves, if you disbelieve, on the Day that will make the children white haired (old).

فَكَيْفَ تَتَّقُونَ إِنْ كَفَرْتُمْ يَوْمًا
يَجْعَلُ الْوِلْدَانَ شِيبًا

18. সেদিন আকাশ বিদীর্ণ হবে। তার প্রতিশ্রুতি অবশ্যই বাস্তবায়িত হবে।

18. The heaven will break apart there from. His promise has to be fulfilled.

السَّمَاءُ مُنْفَطِرٌ بِهِ كَانَ وَعْدُهُ
مَفْعُولًا

19. এটা উপদেশ। অতএব, যার ইচ্ছা, সে তার পালনকর্তার দিকে পথ অবলম্বন করুক।

19. Indeed, this is an admonition. So whoever wills, let him take a path to his Lord.

إِنَّ هَذِهِ تَذْكَرَةٌ فَمَنْ شَاءَ اتَّخَذَ
إِلَىٰ رَبِّهِ سَبِيلًا

20. আপনার পালনকর্তা জানেন, আপনি এবাদতের জন্যে দন্ডায়মান হন রাত্রির প্রায় দু'তৃতীয়াংশ, অর্ধাংশ ও তৃতীয়াংশ এবং আপনার সঙ্গীদের একটি দলও দন্ডায়মান হয়। আল্লাহ

20. Indeed, your Lord knows that you stand (in prayer) nearly two thirds of the night, and half of it, and one third of it, and (so do) a group of those with you, And Allah

إِنَّ رَبَّكَ يَعْلَمُ أَنَّكَ تَقُومُ أَدْنَىٰ
مِّنْ ثُلُثِي اللَّيْلِ وَنِصْفَهُ وَثُلُثَهُ
وَطَائِفَةٌ مِّنَ الَّذِينَ مَعَكَ وَاللَّهُ
يُقَدِّرُ اللَّيْلَ وَالنَّهَارَ عَلِمَ أَنْ لَنْ

দিবা ও রাত্রি পরিমাপ করেন। তিনি জানেন, তোমরা এর পূর্ণ হিসাব রাখতে পার না। অতএব তিনি তোমাদের প্রতি ক্ষমা প্রায়ন হয়েছেন। কাজেই কোরআনের যতটুকু তোমাদের জন্যে সহজ, ততটুকু আবৃত্তি কর। তিনি জানেন তোমাদের মধ্যে কেউ কেউ অসুস্থ হবে, কেউ কেউ আল্লাহর অনুগ্রহ সন্ধানে দেশে-বিদেশে যাবে এবং কেউ কেউ আল্লাহর পথে জেহাদে লিপ্ত হবে। কাজেই কোরআনের যতটুকু তোমাদের জন্যে সহজ ততটুকু আবৃত্তি কর। তোমরা নামায কায়েম কর, যাকাত দাও এবং আল্লাহকে উত্তম ঋণ দাও। তোমরা নিজেদের জন্যে যা কিছু অগ্রে পাঠাবে, তা আল্লাহর কাছে উত্তম আকারে এবং পুরস্কার হিসেবে বর্ধিতরূপে পাবে। তোমরা আল্লাহর কাছে ক্ষমাপ্রার্থনা কর। নিশ্চয় আল্লাহ ক্ষমাশীল, দয়ালু।

measures the night and the day. He knows that you will not be able to do it (pray all night), so He has turned to you in forgiveness. So recite what is easy for you of the Quran. He knows that there will be sick among you, and others traveling in the land seeking from Allah's bounty, and others fighting in the cause of Allah. So recite what is easy for you from it. And establish the prayer and give the poor due, and loan Allah a goodly loan. And whatever you may send forward for yourselves of good, you shall find it with Allah. That is better and greater in reward. And seek forgiveness from Allah. Indeed Allah is All Forgiving, All Merciful.

تُحْصِيهِ فَتَابَ عَلَيْكُمْ فَاقْرَءُوا مَا تَيَسَّرَ مِنَ الْقُرْآنِ عَلِمَ أَنْ سَيَكُونُ مِنْكُمْ مَرْضَىٰ وَآخَرُونَ يَضْرِبُونَ فِي الْأَرْضِ يَبْتَغُونَ مِنْ فَضْلِ اللَّهِ وَآخَرُونَ يُقاتِلُونَ فِي سَبِيلِ اللَّهِ فَاقْرَءُوا مَا تَيَسَّرَ مِنْهُ وَأَقِيمُوا الصَّلَاةَ وَآتُوا الزَّكَاةَ وَأَقْرِضُوا اللَّهَ قَرْضًا حَسَنًا وَمَا تُقَدِّمُوا لِأَنفُسِكُمْ مِنْ خَيْرٍ تَجِدُوهُ عِنْدَ اللَّهِ هُوَ خَيْرًا وَأَعْظَمَ أَجْرًا وَاسْتَغْفِرُوا اللَّهَ إِنَّ اللَّهَ غَفُورٌ رَحِيمٌ ﴿٢٠﴾

إِنَّ اللَّهَ غَفُورٌ رَحِيمٌ ﴿٢٠﴾

